# মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

স্মারক নং-১১৪৬/বিটিসি/ইটিসি/২০২৫-২৬/৪০ তারিখ:০৪/১২/২০২৫

## বিজ্ঞপ্তি

**বিষয়ঃ ২০২৫-২৬ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে অনলাইনে ভর্তিকৃত শিক্ষার্থীদের অনলাইন টিসি/ বিটিসি,বিষয়,গ্রুপ,শিফট,ভার্সন,ছবি পরিবর্তন এবং ভর্তি বাতিল কার্যক্রম প্রসঙ্গে।**

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ২০২৫-২৬ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে অনলাইনে ভর্তিকৃত শিক্ষার্থীদের অনলাইনের মধ্যেমে ইটিসি/ বোর্ড পরিবর্তন (বিটিসি),বিষয়,গ্রুপ,শিফট,ভার্সন,ছবি পরিবর্তন এবং ভর্তি বাতিল কার্যক্রম আগামী **১৪/১২/২০২৫** তারিখ **হতে ১৫/০১/২০২৬ তারিখ** পর্যন্ত চলবে। শিক্ষার্থীরা সংশ্লিষ্ট কলেজে উক্ত কার্যক্রম সম্পন্ন করবে।

***** উল্লেখ্য, অনলাইন কার্যক্রমের জন্য শিক্ষার্থীদের বোর্ডে যোগাযোগের কোন প্রয়োজন নেই।**

| ক্রমিক নং | বিবরণ | নির্ধারিত ফি (টাকা) |
|---|---|---|
| ০১ | প্রতি বিষয় পরিবর্তন | ২০০/- |
| ০২ | বিভাগ/গ্রুপ পরিবর্তন | ৮০০/- |
| ০৩ | অনলাইন ইটিসি/বোর্ড পরিবর্তন | ৭০০/- |
| ০৪ | ভর্তি বাতিল | ৬০০/- |
| ০৫ | শিফট, ভার্সন,ছবি পরিবর্তন ও চতুর্থ বিষয় বাতিল | কোন ফি লাগবে না |

চেয়ারম্যানের আদেশক্রমে

০৪-১২-২৫

**প্রফেসর মোঃ রিজাউল হক**
**কলেজ পরিদর্শক**
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।

মোমো নং- ৪০(৫) তারিখ:০৪/১২/২০২৫

**সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে :**

১। পরীক্ষা নিয়ন্ত্রক, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।
২। সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।
৩। অধ্যক্ষ, সংশ্লিষ্ট কলেজ।
৪। পি. এস.টু চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।
৫। অফিস কপি।

# মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

www.dhakaeducationboard.gov.bd

| TN | | | | |
|---|---|---|---|---|
| বোর্ড কর্তৃক পূরনীয় | | | | |

বরাবর
কলেজ পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।
১৩-১৪ জয়নাগ রোড,বকশী বাজার, ঢাকা-১২১১।

**বিষয়: ২০২৫-২৬ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে বোর্ড পরিবর্তনের মাধ্যমে ছাড়পত্রের আবেদন।**

মহোদয়,
সবিনয় নিবেদন আমি একাদশ শ্রেণির একজন নিয়মিত ছাত্র/ছাত্রী। বোর্ডের অনুমতিক্রমে ছাড়পত্র নিয়ে আমি ৬ নং ক্রমিকে বর্ণিত প্রতিষ্ঠানে ভর্তি হতে ইচ্ছুক। অনুগ্রহ পূর্বক আমার আবেদন মঞ্জুর করে বাধিত করবেন।

**আবেদনকারীর তথ্যসমূহ**

১. এস এস সি রোল নং ---------------- রেজিঃ নং ---------------------- পাশের সন ----------- বোর্ড -------

২. নিজ নাম (বাংলায়) ---------------------------------------------- ৩। মোবাইল নম্বর -------------------

৪. নিজ নাম (ইংরেজীতে এস এস সি অনুযায়ী)------------------------------------------------------------

৫. বর্তমান প্রতিষ্ঠানের নাম--------------------------------------- EIIN [ ] বোর্ড---------

৬. ভর্তিচ্ছু প্রতিষ্ঠানের নাম----------------------------------------EIIN [ ] বোর্ড----------

৭. শিক্ষার্থীর পাঠ্যবিষয়সমূহ: আবশ্যিক ১.বাংলা (১০১,১০২) ২.ইংরেজী (১০৭,১০৮) ৩. তথ্য ও যোগাযোগ প্রযুক্তি (২৭৫)
ঐচ্ছিক (বিষয় ও কোড অবশ্যই উল্লেখ করতে হবে : ১.-------------------------২.-----------------------------
৩.---------------------------- ৪.-------------------------------৫. (৪র্থ বিষয় ও কোড) --------------------

৮. ছাড়পত্র গ্রহণের কারণ :--------------------------------------------------------------------------------

৯. শিক্ষার্থীর বর্তমান (ভর্তিচ্ছু এলাকার ) ঠিকানা :------------------------------------------------------------------

১০. সোনালী সেবা নম্বর--------------------------- শাখা নাম----------------------- তারিখ------------------------

শিক্ষার্থীর স্বাক্ষর পূর্ণ নাম

বর্তমান প্রতিষ্ঠান প্রধান কর্তৃক প্রত্যয়ন
আবেদনকারী অত্র প্রতিষ্ঠানের ২০২৫-২৬ শিক্ষাবর্ষের ভর্তিকৃত একাদশ শ্রেণির নিয়মিত শিক্ষার্থী। ৭ নং ক্রমিকে বর্ণিত বিষয়সহ এ বোর্ডে তার নাম রেজিষ্ট্রেশনের জন্য esif পূরণের ব্যবস্থা নেয়া হয়েছে। ইতোপূর্বে এই প্রতিষ্ঠান ব্যতীত অত্র বোর্ডের বা অন্য বোর্ডের আওতাধীন অন্য কোন প্রতিষ্ঠান থেকে তার নাম রেজিষ্ট্রেশন করা হয়নি। আবেদনকারী শিক্ষার্থীর পড়াশুনার উপর এ বোর্ড বা অন্য কোন বোর্ডের কোনরূপ নিষেধাজ্ঞা নেই। আবেদনকারী শিক্ষার্থীর এসএসসি/সমমানের মূল ট্রান্সক্রিপ্ট সংরক্ষিত আছে। উল্লেখিত সকল তথ্য সঠিক ও সত্য। বোর্ড কর্তৃক ছাড়পত্র প্রদান করলে প্রতিষ্ঠানের কোন আপত্তি থাকবে না।

অধ্যক্ষের মোবাইল নম্বর -------------------------

অধ্যক্ষের স্বাক্ষর ও সীল
তারিখ : --------------

ভর্তিচ্ছু প্রতিষ্ঠা প্রধান কর্তৃক প্রত্যয়ন
অত্র প্রতিষ্ঠানে----------- বিভাগে ২০২৫-২৬ শিক্ষাবর্ষে ভর্তিকৃত একাদশ শ্রেণিতে বোর্ড কর্তৃক---------- আসন বরাদ্দের বিপরীতে ----------- জন অধ্যয়নরত। ক্রমিক ৭ এ বর্ণিত পঠিত বিষয়সমূহের অত্র প্রতিষ্ঠানে অনুমোদন আছে বিধায় একাদশ শ্রেণিতে --------- তম শিক্ষার্থী হিসেবে ভর্তিচ্ছু এলাকার নাগরিকত্ব সনদ প্রদর্শন করায় ছাড়পত্রের মাধ্যমে ভর্তির অনুমতির জন্য সুপারিশ করা হলো।

অধ্যক্ষের মোবাইল নং--------------------------

অধ্যক্ষের স্বাক্ষর ও সীল
তারিখ:--------------

**বোর্ড পরিবর্তন ছাড়পত্র (BTC) বিষয়ক গুরুত্বপূর্ণ নির্দেশনা ও আবেদনের নিয়মাবলি:**

১. অনিয়মিত শিক্ষার্থীদের ছাড়পত্রের মাধ্যমে প্রতিষ্ঠান পরিবর্তনের অনুমতি দেয়া হয় না।

২. ছাড়পত্রের মাধ্যমে কোনভাবেই আসন সংখ্যার অতিরিক্ত শিক্ষার্থী ভর্তি করা যাবে না।

৩. প্রতিটি প্রতিষ্ঠান কতজন শিক্ষার্থী কে ছাড়পত্রের মাধ্যমে ভর্তির অনুমতির জন্য সুপারিশ করেছে তার রেজিষ্টার তৈরি করবে এবং ভর্তিচ্ছু প্রতিষ্ঠানের অধ্যক্ষ তাঁর প্রত্যয়নে রেজিষ্টারে শিক্ষার্থীর ক্রমিক উল্লেখ করবে।

৪. আবেদন যথাযথ ভাবে পূরণ করে উভয় প্রতিষ্ঠানের অধ্যক্ষের সুপারিশসহ বোর্ডে কলেজ পরিদর্শক- এর দপ্তরে পৌছাতে হবে উল্লেখ্য, উভয় প্রতিষ্ঠানের অধ্যক্ষের সুপারিশ প্রাপ্তির অনধিক ০৫ (পাঁচ) কর্মদিবসের মধ্যে আবেদনপত্র শিক্ষা বোর্ডে জমা দিতে হবে।

৫. অধ্যক্ষের স্বাক্ষর গ্রহণপূর্বক প্রয়োজনীয় কাগজপত্রসকহ আবেদনটি বোর্ডে কলেজ শাখার ৪১২ নং কক্ষে জমা দিয়ে tracking number (TN) সংগৃহ করতে হবে।

৬. আবেদনের সাথে নিম্নবর্ণিত কাগজপত্র দাখিল করতে হবে।

ক) এসএসসি/ সমমানের একাডেমিক ট্রান্সক্রিপ্টের সত্যায়িত কপি।

খ) সোনালী সেবার মাধ্যমে ৭০০/- (সাতশত) টাকা ফি জমাদানের রশিদ।

গ) বাসস্থান পরিবর্তের ক্ষেত্রে ইউনিয়ন পরিষদ চেয়াম্যান/সিটি মেয়র/ ওয়ার্ড কাউন্সিলার/ ১ম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রত্যায়নপত্রের মূলকপি, অবিভাবকের বদলীজনিত কারণের ক্ষেত্রে বদলীর আদেশের কপি এবং অন্য কোন কারণের ক্ষেত্রে উপযুক্ত কর্তৃপক্ষের প্রত্যয়নপত্র।

ঘ) অন্য শিক্ষা বোর্ড থেকে ঢাকা শিক্ষা বোর্ডে আগত শিক্ষার্থীদের সংশ্লিষ্ট বোর্ডের ছাড়পত্রের আদেশ (প্রযোজ্য ক্ষেত্রে)।

৭. বোর্ড কর্তৃক ছাড়পত্রের আদেশ জারির ১০ (দশ) কর্মদিবসের মধ্যে ভর্তি কার্যক্রম সম্পন্ন করতে হবে।শিক্ষার্থী তার ছাড়পত্রের অনুমতির আদেশ বোর্ডের ওয়েবসাইট হতে সংগ্রহ করবে। এ জন্য তাকে শিক্ষা বোর্ডের ওয়েবসাইট www.dhakaeducationboard.gov.bd এর college order মেন্যু হতে college order TC-তে ক্লিক করতে হবে। অতঃপর প্রদত্ত Tracking Number (TN) দেখে শিক্ষার্থী তার নিজের ছাড়পত্রের আদেশটি প্রিন্ট করে নিবে। এ আদেশের প্রেক্ষিতে ভর্তিকৃত প্রতিষ্ঠান থেকে অনাপত্তিপত্র/ছাড়পত্র গ্রহণ করে ভর্তিচ্ছু প্রতিষ্ঠানে ভর্তি হবে।

৮. সরকারি/আধা সাকারি/স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানে চাকুরিজীবী পিতা বা মাতার বদলিজনিত কারণে কোন শিক্ষার্থীর ছাড়পত্র ইস্যু করতে বা ভর্তি করতে বোর্ডের অনুমতি গ্রহণ করতে হবে। এরূপ ক্ষেত্রে বদলিকৃত কর্মকর্তা/কর্মচারীর বদলির আদেশপত্র প্রদর্শন করে বোর্ড হতে ছাড়পত্র গ্রহণ সাপেক্ষে নতুন কর্মস্থলে উপযুক্ত কোন প্রতিষ্ঠানে ভর্তি হতে পারবে। এ ক্ষেত্রে প্রতিষ্ঠানকে এ ধরণের শিক্ষার্থী ভর্তির ১৫ (পনের) দিনের মধ্যে রেজিস্ট্রেশন ফি, একাডেমিক ট্রান্সক্রিপ্ট এবং প্রবেশপত্রের ফটোকপিসহ প্রয়োজনীয় কাগজপত্র সংশ্লিষ্ট শিক্ষা বোর্ডে জমা দিতে হবে।

৯. অসম্পুর্ণ আবেদন কোন কারণ ব্যতিরেকেই বাতিল বলে গণ্য হবে। ভুল তথ্য প্রদান করলে শিক্ষার্থী ও স্ব-স্ব প্রতিষ্ঠান প্রধান দায়ী থাকবেন।

চেয়ারম্যানের আদেশক্রমে


**প্রফেসর মোঃ রিজাউল হক**
কলেজ পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড,
ঢাকা
ফেন: ০২-৫৮৬১২৪৭৬